সমকাল

তারিখ ... 10 JUN 2017 ...
পৃষ্ঠা ৫ ... কলাম ... ১ ...

# জাবির নিহত দুই শিক্ষার্থীর পরিবার ক্ষতিপূরণ পাচ্ছে

■ জাবি প্রতিনিধি

সড়ক দুর্ঘটনায় নিহত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) দুই শিক্ষার্থীর পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বুধবার তাদের কাছে ক্ষতিপূরণের অর্থ হস্তান্তর করা হবে। গতকাল শুক্রবার এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানান বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক।

নিহত মার্কেটিং বিভাগের নাজমুল হোসেন রানার বাবাকে ২ লাখ টাকা ও স্ত্রীকে ৩ লাখ টাকা প্রদান এবং তার বোনকে চাকরি দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। এ ছাড়া আরাফাতের পরিবারকেও পাঁচ লাখ টাকা ও পরিবারের একজনকে চাকরি দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। গতকাল উপাচার্যের কার্যালয়ে নিহত দুই পরিবারের সঙ্গে আলোচনা সাপেক্ষে এ সিদ্ধান্ত নেওয়া হয়। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলাম, উপ-উপাচার্য আবুল হোসেন, ট্রেজারার আবুল খায়ের প্রমুখ। ২৬ মে ঢাকা-আরিচা মহাসড়কে বাসচাপায় নিহত হন রানা ও আরাফাত।